

বঙ্গবাসী কলেজ
মিড-টার্ম টেস্ট-২০১৪
বি.এ. (প্রথম বর্ষ), বাংলা অনার্স
(প্রথম ও দ্বিতীয় পত্র একত্রে)

প্রাস্তুলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়
(১+১+১ পদ্ধতি অনুসারে)
[উত্তরের শব্দ সংখ্যা নতুন সিলেবাস অনুসারে মান্য করতে হবে]

পূর্ণমান-৫০, সময়-২ঘণ্টা

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ১৫

- (ক) চর্যাপদের আবিষ্কার, প্রকাশকাল ও প্রকাশনা সংস্থার নাম করো। চর্যাপদের সাহিত্যমূল্য বিচার করো। চর্যাপদের ভাষাকে 'সাক্ষ্যভাষা' বলার কারণ কী? (৩+৮+৪)
- (খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে অনুবাদের প্রধান ধারাগুলি কী কী? বাংলায় রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদকের আবির্ভাবকাল ও পরিচয় সংক্ষেপে নির্দেশ করে তাঁর কাব্যের বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো। (২+২+৩+৮)
- (গ) বাংলা গদ্যভাষা ও সাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের ভূমিকা অথবা সাময়িক পত্রের (তিনটি পত্রিকা অবলম্বনে) ভূমিকা বিশ্লেষণ করো।
- (ঘ) বাংলা নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায় অথবা, দীনবন্ধু মিত্রের কৃতিত্বের পরিচয় দাও।

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ১০

- (ক) প্রাচীন বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলির পরিচয় দাও।
- (খ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে-কোনো দুটি): (৫+৫)
স্বরলোপ, লোকনিকৃতি, মিশ্রণ, বিপর্যাস, নাসিকীভবন।

৩। উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে-কোনো একটি): ৫

মাত্রাবৃত্ত ছন্দ, অক্ষরবৃত্ত ছন্দ, গদ্য ছন্দ।

৪। সংজ্ঞা, উদাহরণ ও ব্যাখ্যা দাও (একটি): ৫

যমক, অনুপ্রাস, বক্রোক্তি।

৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৫

- (ক) পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর একখানি পদ আলোচনা করে পূর্বরাগ পর্যায়টি বুঝিয়ে দাও। (১+১৪)
- (খ) 'কেবল আসার আশা, ভবে আসা', 'মাগো তারা ও শঙ্করি' এবং 'মা আমার ঘুরাবে বত'— এই তিনটি পদে ভক্তের আকৃতির প্রকাশ কীভাবে ঘটেছে আলোচনা করে দেখাও।
- (গ) চণ্ডীমঙ্গল কাব্য অনুসরণে ব্যাধ-জীবনের তাৎপর্য আলোচনা করো।